

অতিরিক্ত মূখ্য বিচার বিভাগীয় বিচারক মহাশয়ের আদালত
আলিপুর, দক্ষিণ ২৪ পরগনা

উপস্থিত বিচারক মহাশয় - শ্রী সুতীর্থ ব্যানার্জী
অতিরিক্ত মূখ্য বিচারবিভাগীয় বিচারক
J.O. CODE – WBOO980

এ.সি:- ৩৭ | ২০২০
C.N.R NO- WBSPO5 – 001918 – 2018

আদেশ দানের তারিখ:- ইংরাজী ২৪/০২/২০২১

অদ্য অভিযোগকারী কতক ইংরাজী ০৩/০১/২০২০ তারিখে
হস্তান্তরযোগ্য লেখ্য আইনের ১৪২ ধারার বিধান মোতাবেক দাখিলী
দরখাস্তটির প্রার্থনা কেন মনজুর করা হইবে না - তন্মর্মে অভিযুক্ত
ব্যক্তির Show – Cause দাখিলের জন্য তারিখ ধার্য রহিয়াছে ।

আদালত নির্ধারিত তারিখ ধার্য থাকা সত্বেও অদ্য অভিযুক্ত
ব্যক্তি কতক কোনো Show – Cause দাখিল করা হয় নাই ; কিংবা
কোনো পদক্ষেপ গ্রহন করা হয় নাই ।

অভিযোগকারী দীনবন্ধু ভট্টাচার্য তাহার আইনজিবী মারফত
আদালতে হাজিরা দাখিল করিয়াছেন ।

এ.সি:- ৩৭/২০২০

(২)

অভিযোগকারী কতুক ইংরাজী ০৩।০১।২০২০ তারিখে হস্তান্তরযোগ্য লেখ্য আইনের ১৪২ ধারার বিধান মোতাবেক দাখিলী দরখাস্তটির একতরফারূপে আদেশ দানের জন্য মামলার নথিটি গ্রহন করা হইল ।

দাখিলী দরখাস্তের বক্তব্য হইলে যে, তিনি ইংরাজী ১১।১০।২০১৯ তারিখে ব্যাংক হইতে রিটার্ন মোমো পাইয়াছেন এবং ইংরাজী ০২।১১।২০১৯ তারিখে চেকে উল্লিখিত টাকা দাবী করিয়া অভিযুক্ত ব্যক্তিকে ডিমাল্ড নোটিশ পাঠান হইয়াছিল ; এবং অভিযুক্ত ব্যক্তি ইংরাজী ০৪।১১।২০১৯ তারিখে উক্ত ডিমাল্ড নোটিশ প্রাপ্ত হইয়াছিলেন ।

ডিমাল্ড নোটিশ প্রাপ্তির আইন নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হইবার পরে ইংরাজী ১৯।১২।২০১৯ তারিখ কিংবা তাহার পূর্ববর্তী তারিখে মামলাটি দাখিল করিবার তারিখ ধার্য ছিল ।

অভিযোগকারী M/S Garden Reach Shipbuilders & Engineers Limited – র Security in Charge Officer হিসাবে কর্মরত এবং তাহার কর্মস্থলের দায়িত্বপালনের দায়কতার জন্য তিনি মামলা দাখিলের জন্য আবশ্যকীয় দস্তাবেজাদিতে স্বাক্ষর সম্পাদনের জন্য তিনি উল্লিখিত

এ.সি:- ৩৭/২০২০

(৩)

তারিখে তাহার নিয়োজিত আইনজবীর সহিত সাক্ষ্যাত করিতে পারেন নাই ।

অভিযোগকারীর বক্তব্য হইল যে, তাহার নিয়োজিত আইনজিবী ইংরাজী ২৫।১২।২০১৯ তারিখ হইতে ইংরাজী ০১।০১।২০২০ তারিখ পর্যন্ত কোলকাতা উচ্চ ন্যায়ালয়ে শীতকালীন অবকাশ থাকিবার জন্য কোলকাতার বাহিরে ছিলেন এবং ইংরাজী ০৩।০১।২০২০ তারিখে তিনি পুনরায় তাহার পেশাগত কাজকর্ম শুরু করিবার পরে অভিযোগকারী তাহার সহিত যোগাযোগ করিয়া অত্র মামলাটি ইংরাজী ০৩।০১।২০২০ তারিখে দাখিল করিয়াছেন ।

এমতাবস্থায় অভিযোগকারী বর্তমান মামলা দাখিলের ক্ষেত্রে ১৫(পনেরো) দিনের বিলম্ব মার্জনা করিবার জন্য আদালতের নিকটে প্রার্থনা করিয়াছেন ।

দাখিলী দরখাস্ত এবং মামলার নথিভুক্ত দস্তাবেজাদি দেখা হইল।

অভিযোগকারীর আইনজিবীর বক্তব্য শোনা হইল ।

বিবেচনা করা হইল ।

অভিযোগকারীর দরখাস্তে বর্ণিত বিলম্বের কারণ সন্তোষজনক এবং তদনুসারে অভিযোগকারী কতৃক ০৩।০১।২০২০ তারিখে

এ.সি:- ৩৭/২০২০

(৪)

হস্তান্তরযোগ্য লেখ্য আইনের ১৪২ ধারার বিধান মোতাবেক দাখিলী দরখাস্তটির প্রার্থনা একতরফা রূপে মনজুর করা হইল।

অভিযোগকারী বর্তমান মামলা দাখিলীর ক্ষেত্রে ১৫(পনেরো) দিনের বিলম্ব মার্জনা করা হইল।

ইংরাজী ০৬।০৫।২০২১ তারিখ ফৌজদারী কার্যবিধি আইনের ২০০ ধারার বিধান মোতাবেক অভিযোগকারীর প্রাথমিক এজাহার গ্রহন করিবার জন্য তারিখ ধার্য করা হইল।

উপরোক্ত রূপে দরখাস্তটি নিষ্পত্তি করা হইল।

আদালতের নির্দেশ অনুসারে লিখিত এবং সংশোধিত

অতিরিক্তমুখ্য বিচারবিভাগীয়বিচারক অতিরিক্তমুখ্যবিচারবিভাগীয় বিচারক

আলিপুর

আলিপুর

